

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ, পরিকল্পনা -১ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০৯৩.০১৪.০১.০০.০০৫.২০১০-৭৯১


তারিখ : ২১ ফাল্গুন ১৪২৩ বঙ্গাব্দ
০৫ মার্চ ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ “জামালপুর জেলার ইসলামপুর উপজেলাধীন ব্রহ্মপুত্র নদের ওপর ২(দুই)টি ব্রীজ নির্মাণ (৩য় সংশোধিত)” শীর্ষক প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত।

- (১) পরিকল্পনা কমিশন এর স্মারক নং-২০.৩৪৬.০১.০১.২৫৫.২০১৩(অংশ-১)-৪০৭ তারিখঃ ১৩/০২/২০১৭
(২) আইএমইডি'র স্মারক নং-২১.০০.০০০০.২৩৩.১৪.০৯৮.১০-০৬ তারিখঃ ৩০/০১/২০১৭

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে স্থানীয় সরকার বিভাগের আওতায় স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “জামালপুর জেলার ইসলামপুর উপজেলাধীন ব্রহ্মপুত্র নদের ওপর ২(দুই)টি ব্রীজ নির্মাণ (৩য় সংশোধিত)” শীর্ষক প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে বাস্তবায়নকাল নিম্নোক্ত শর্তে আগস্ট ২০১০ হতে ডিসেম্বর, ২০১৬ এর পরিবর্তে আগস্ট, ২০১০ হতে মার্চ, ২০১৭ পর্যন্ত অর্থাৎ ০৩ (মাস) মাস বৃদ্ধি করা হলো :

- (ক) এই প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে ব্যাপক পরিকল্পনাহীনতা পরিলক্ষিত হয়েছে। সঠিকভাবে ব্যয় প্রাক্কলন ও মেয়াদকাল নির্ধারণ করে তদানুযায়ী বাস্তবায়নের সংশ্লিষ্ট সংস্থাকে মনোযোগী হতে হবে ;
(খ) বর্ধিত মেয়াদকালের মধ্যে (মার্চ, ২০১৭) প্রকল্পের যাবতীয় কার্যক্রম সমাপ্ত করার জন্য স্থানীয় সরকার বিভাগ প্রয়োজনীয় বরাদ্দ ও সুপারিশনা নিশ্চিত করবে;
(গ) বর্ধিত সময়ের আলোকে বাস্তব ও অর্জিত পরিকল্পনা পুনর্বিদ্যায়ন করে আইএমইডি ও পরিকল্পনা কমিশনসহ প্রকল্প সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করতে হবে এবং সে অনুযায়ী কার্যক্রম পরিচালনা করতে হবে;
(ঘ) প্রস্তাবিত মেয়াদের মধ্যে গুণগতমান বৃদ্ধির লক্ষ্যে সমস্ত কার্যক্রম সমাপ্ত করতে হবে; এবং
(ঙ) ভবিষ্যতে আর মেয়াদ বৃদ্ধি করা যাবে না।


(মোঃ দিদারুল আলম)
সিনিয়র সহকারী প্রধান
ফোন : ৯৫৭৮০১২।
planning1.lgd@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, পরিকল্পনা সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সরকার, ঢাকা।
০৩। সচিব, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা।
০৪। মহাপরিচালক(মইই), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০৬। অতিরিক্ত সচিব (উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। প্রধান, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
০৮। প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
০৯। প্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১০। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

- ০১। উপ প্রধান, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।